

আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعْرَاءُ

আয়াতঃ ২৬ : ৬২

আরবি মূল আয়াত:

قَالَ كَلَّا إِنَّ مَعِيَ رَبِّي سَيَهْدِينِ ﴿٦٢﴾

অনুবাদসমূহ:

মূসা বলল, 'কক্ষনো নয়; আমার সাথে আমার রব রয়েছেন। নিশ্চয় অচিরেই তিনি আমাকে পথনির্দেশ দেবেন'। — আল-বায়ান

মূসা বলল- 'কক্ষনো না, আমার রব আমার সঙ্গে আছেন, শীঘ্রই তিনি আমাকে পথ নির্দেশ করবেন। — তাইসিরুল

মূসা বললঃ কক্ষণই নয়। আমার সঙ্গে আছেন আমার রাব্ব; সত্ত্বর তিনি আমাকে পথ নির্দেশ করবেন। — মুজিবুর রহমান

[Moses] said, "No! Indeed, with me is my Lord; He will guide me." — Sahih International

৬২. মূসা বললেন, কখনই নয়! আমার সঙ্গে আছেন আমার রব(১); সত্ত্বর তিনি আমাকে পথনির্দেশ করবেন।

(১) পশ্চাদ্ধাবনকারী ফিরআউনী সৈন্য বাহিনী যখন তাদের সামনে এসে যায়, তখন সমগ্র বনী-ইসরাঈল চিৎকার করে উঠল, হায়! আমরা তো ধরা পড়ে গেলাম! আর ধরা পড়ার মধ্যে সন্দেহ ও দেরীই বা কি ছিল, পশ্চাতে অতিবিক্রম সেনাবাহিনী এবং সম্মুখে সমুদ্র অন্তরায়। এই পরিস্থিতি মূসা আলাইহিস সালাম-এরও অগোচরে ছিল না। কিন্তু তিনি দৃঢ়তার হিমালয় হয়ে আল্লাহ্ তা'আলার প্রতিশ্রুতিতে দৃঢ় বিশ্বাসী ছিলেন। তিনি তখনো সজোরে বলেনঃ إِنَّ مَعِيَ رَبِّي سَيَهْدِينِ) আমার সাথে আমার পালনকর্তা আছেন। তিনি আমাদের পথ বলে দেবেন। [দেখুন: কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৬২) মূসা বলল, 'কিছুতেই নয়! আমার সঙ্গে আছেন আমার প্রতিপালক; তিনি আমাকে পথনির্দেশ করবেন।' [1]

[1] মূসা (আঃ) তাদেরকে সাব্বনা দিলেন যে, তোমাদের আশঙ্কা অমূলক। দ্বিতীয়বার তোমাদেরকে ফিরআউনের কবলে পড়তে হবে না। আমার প্রভু অবশ্যই পরিত্রাণের পথ বের করে দেবেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2994>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন